

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্রজ্ঞাপন

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ৩০৬-আইন/২০১৯।—যেহেতু বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৩৪ এর উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অধীন অর্থনৈতিক অঞ্চলের শিল্প প্রতিষ্ঠানে শ্রমিক নিয়োগ, মালিক ও শ্রমিকের মধ্যে সম্পর্ক, সর্বনিম্ন মজুরির হার নির্ধারণ, মজুরি পরিশোধ, কার্যকালে দুর্ঘটনাজনিত কারণে শ্রমিকের জখমের জন্য ক্ষতিপূরণ, শ্রমিকের স্বাস্থ্য, নিরাপত্তা, ইত্যাদি বিষয়ে নিম্নবর্ণিত অভিযোজন সহকারে বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন), অতঃপর ইপিজেড শ্রম আইন বলিয়া উল্লিখিত, প্রযোজ্য হইবে, যথা:—

- (১) ইপিজেড শ্রম আইন এর ধারা ১ এর উপ-ধারা (২) এর ক্ষেত্রে নিম্নরূপে অভিযোজিত হইবে, যথা:—
“(২) এই আইন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অধীন সকল অর্থনৈতিক অঞ্চলের শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক ও মালিকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।”;
- (২) ইপিজেড শ্রম আইনে সর্বত্র উল্লিখিত “কর্তৃপক্ষ” এর ক্ষেত্রে “বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ” অভিযোজিত হইবে; এবং
- (৩) ইপিজেড শ্রম আইনে সর্বত্র উল্লিখিত “ইপিজেড” বা “এলাকা” বা “রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা” বা “জোন” এর ক্ষেত্রে, ক্ষেত্রমত, “ইজেড” বা “অর্থনৈতিক অঞ্চল” অভিযোজিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জিয়াউল হক
পরিচালক।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২২৯৩৭)

মূল্য : টাকা ৪.০০